



বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল

কৃষিই সমৃদ্ধি

নতুন বিমান বন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫।

স্মারক নং- ১২.২০.০০০০.০২০.১১.০০২.১৮.২২৬৬

তারিখঃ ০৭/০৮/২০১৮খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের রাজস্ব খাতভুক্ত নিম্নলিখিত স্থায়ী শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।
পদের বিবরণ নিম্নরূপঃ

ক্রঃ নং	পদ ও বেতন স্কেল	সরাসরি নিয়োগের বয়স	পদের সংখ্যা	যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
১.	মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা(মৎস্য) টাঃ ৫৬,৫০০-৭৪,৪০০/- (গ্রেড-৩)	সর্বনিম্ন ৪১ বৎসর	১(এক)	পি.এইচ.ডি ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ১২ বৎসরের অভিজ্ঞতা অথবা মাস্টার্স ডিগ্রী (কমপক্ষে ২য় বিভাগ)সহ ১৫ বৎসরের অভিজ্ঞতা। কোন বিজ্ঞান জার্নালে কমপক্ষে ১০টি গবেষণা প্রকাশনা থাকিতে হইবে।	সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন।
২.	প্রোগ্রামার টাঃ ৩৫,৫০০-৬৭,০১০/- (গ্রেড-৬)	সর্বনিম্ন ৩৫ বৎসর	২(দুই)	কম্পিউটার বিজ্ঞানে স্নাতক ডিগ্রী এবং বাস্তব অভিজ্ঞতা অথবা অংক/অর্থনীতি/পদার্থবিদ্যা ও পরিসংখ্যান বিষয়ে কমপক্ষে দ্বিতীয় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী এবং কম্পিউটার প্রোগ্রামিং এ ৪(চার) বৎসরের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে মোট ৭ বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	সকল জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন।
৩.	সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর টাঃ ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩)	সর্বোচ্চ ৩০ বৎসর	২(দুই)	স্নাতক ডিগ্রীসহ ইংরেজী ও বাংলা টাইপের গতি প্রতি মিনিটে যথাক্রমে ৩০ শব্দ এবং ২৫ শব্দ।	গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, মাদারীপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষ্মীপুর, নোয়াখালী, পাবনা, চাপাইনবাবগঞ্জ, ঝিনাইদহ, বাগেরহাট, চুয়াডাঙ্গা, ভোলা, পিরোজপুর, বরগুনা জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। তবে, মুক্তিযোদ্ধা, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
৪.	নিরীক্ষক (অডিটর) টাঃ ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩)	সর্বোচ্চ ৩০ বৎসর	১(এক)	বাণিজ্যে স্নাতক ডিগ্রী এবং হিসাব বা অডিট এর কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা।	ঐ
৫.	হিসাব সহকারী টাঃ ১১,০০০-২৬,৫৯০/- (গ্রেড-১৩)	সর্বোচ্চ ৩০ বৎসর	১(এক)	বাণিজ্যে স্নাতক ডিগ্রীসহ কোন প্রতিষ্ঠানে হিসাবের কাজে ৩ বৎসরের অভিজ্ঞতা।	ঐ
৬.	গাড়ী চালক টাঃ ৯,৭০০-২৩,৪৯০/- (ভারিলাইসেন্স: গ্রেড-১৫) টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (হালকা লাইসেন্স:গ্রেড-১৬)	সর্বোচ্চ ৩০ বৎসর	৪(চার)	অষ্টম শ্রেণী পাশ এবং অবশ্যই গাড়ী চালানোর বৈধ লাইসেন্সধারী হইতে হইবে। অন্ততঃ ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার থাকিবে।	ঐ
৭.	নিম্নমান করনিক কাম মুদ্রাক্ষরিক (পরিবর্তিত নামঃ অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর) টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	সর্বোচ্চ ৩০ বৎসর	১(এক)	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটসহ ইংরেজীও বাংলা টাইপিং এর গতি প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২০ শব্দ।	ঐ
৮.	পাম্প অপারেটর টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	সর্বোচ্চ ৩০ বৎসর	১(এক)	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং ইলেকট্রিক্যাল ট্রেড সার্টিফিকেট অথবা অষ্টম শ্রেণী পাশ এবং ইলেকট্রিক্যাল মটর চালানো ও ইলেকট্রিক্যাল রক্ষণাবেক্ষণের কাজে ৭(সাত) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	ঐ
৯.	ইলেকট্রিশিয়ান টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	সর্বোচ্চ ৩০ বৎসর	১(এক)	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং ইলেকট্রিক্যাল ট্রেড সার্টিফিকেট অথবা অষ্টম শ্রেণী পাশ এবং ইলেকট্রিক্যাল মটর চালানো ও ইলেকট্রিক্যাল রক্ষণাবেক্ষণের কাজে ৭ (সাত) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	ঐ
১০.	মেকানিক (অটোমোবাইল) টাঃ ৯,৩০০-২২,৪৯০/- (গ্রেড-১৬)	সর্বোচ্চ ৩০ বৎসর	১(এক)	ট্রেড (অটোমোবাইল) সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।	ঐ

[Signature]

১১.	ডুপ্লিকেটিং মেশিন অপারেটর টাই ৮,৮০০-২১,৩১০/- (গ্রেড-১৮)	সর্বোচ্চ ৩০ বৎসর	১ (এক)	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং ডুপ্লিকেটিং মেশিন চালানোর অভিজ্ঞতা অথবা অষ্টম শ্রেণী পাশ এবং ডুপ্লিকেটিং মেশিন চালানোর ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা।	মুন্সীগঞ্জ, নরসিংদী, ফরিদপুর, মাদারীপুর, শরিয়তপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, চাঁদপুর, কুমিল্লা, লক্ষ্মীপুর, নোয়াখালী, বরিশাল, ভোলা, পিরোজপুর, নড়াইল, নীলফামারী, মাগুরা, জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। তবে, মুক্তিযোদ্ধা, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটার সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
১২.	অফিস সহায়ক টাই ৮,২৫০-২০,০১০/- (গ্রেড-২০)	সর্বোচ্চ ৩০ বৎসর	২ (দুই)	অষ্টম শ্রেণী পাশ	ঐ

- ১। ১০.০৮.২০১৮ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ০৩ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ০৩ হতে ১২নং পদের জন্য প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর।
- ২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ৩। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।
- ৪। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
- ৫। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সকল সনদপত্রের সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়নপরিষদ/পৌরসভা/সিটিকর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্রকন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/উপজেলা পরিষদের চেয়ারম্যান/পৌরসভা/সিটিকর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ৭। ক্রমিক নং ০২ হতে ১২নং পদের জন্য লিখিত ও মৌখিক এবং প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক এবং প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।
- ৮। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলীঃ
- ক. ০১ নং ক্রমিকে উল্লিখিত পদে আবেদনে ইচ্ছুক প্রার্থীগণকে কাউন্সিলের নির্ধারিত ফরমে ০৩ প্রস্থ প্রোফাইল জমা দিতে হইবে। কাউন্সিলের সংস্থাপন শাখা বা কাউন্সিলের ওয়েবসাইট www.barc.gov.bd হইতে নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে। ০১ নং পদের আবেদনপত্রের সাথে ১০০০/- (একহাজার) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল বরাবরে অগ্রনী ব্যাংক লিমিটেড, ফার্মগেট শাখার অনুকূলে প্রেরণ করতে হবে।
- খ. ০২ থেকে ১২নং পদে আবেদনে ইচ্ছুক প্রার্থীগণ <http://barc.teletalk.com.bd> ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ
- I) Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরু তারিখ ও সময়ঃ ১০/০৮/২০১৮ইং, সকাল ৯.০০ ঘটিকা।
- II) Online এ আবেদনপত্র পূরণ ও জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ১০/০৯/২০১৮ইং, বিকাল ৫.০০ ঘটিকা।
- উক্ত সময়সীমার মধ্যে User Id প্রাপ্ত আবেদনকারীগণ Online এ আবেদন করার সময় হতে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে টাকা জমা দিতে পারবেন।
- গ. Online এ আবেদনপত্রে প্রার্থী তার রসিন ছবি (দৈর্ঘ্য ৩০০* প্রস্থ ৩০০ Pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০* প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100kb এবং স্বাক্ষর 60kb হতে হবে।
- ঘ. Online এ আবেদনপত্রে পূরণকৃত সকল তথ্যই যেহেতু পরবর্তী কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র submit করার আগে পূরণকৃত সকল তথ্যের সঠিকতা যাচাই করে নিয়ে আবেদনপত্র submit করতে হবে। প্রার্থী নিজে পূরণকৃত তথ্য বিষয়ে শতভাগ নিশ্চিত হবেন।
- ঙ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্র প্রিন্ট করে এক কপি সংরক্ষণ করবেন। পরীক্ষা সংক্রান্ত যে কোন কাজের সহায়ক হিসেবে তা সংরক্ষণ করবেন। মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।
- চ. পরীক্ষার ফি জমাদানের জন্য SMS প্রেরণের নিয়মাবলীঃ
- Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণের পর নির্দেশনা মোতাবেক ছবি ও স্বাক্ষর আপলোড করে আবেদন সম্পন্ন হলে Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা হলে প্রার্থী একটি User Id, ছবি ও স্বাক্ষর সম্বলিত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant Copy প্রার্থী ডাউনলোড ও প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant Copy তে প্রদত্ত User Id ব্যবহার করে অনধিক ৭২ ঘন্টার মধ্যে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বর থেকে দুইটি SMS করে ০২ নং পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা, ০৩-১০ নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং ১১-১২ নং পদের জন্য ১০০/- (একশত) টাকা জমা দিবেন। উল্লেখ্য যে, Online এ আবেদনপত্র Submit করার পর টাকা জমা না দিলে আবেদনপত্র কোনভাবেই গৃহীত হবে না।

১ম SMS: BARC <Space> USER ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BARC ABCDEF.

Reply: Applicant's Name, Tk 500/200/100 will be charged as application fee, Your PIN is xxxxxxxx. To pay fee, Type BARC<Space>YES<Space> PIN, send to 16222.

২য় SMS: BARC<Space>YES<Space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BARC YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BARC. Your USER ID is (ABCDEF) and Password (xxxxxx).



(ড. মোঃ আব্দুস ছাত্তার)

সদস্য-পরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোনঃ ৯১১৮২২৬

ইমেইল: md-af@barc.gov.bd